

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫১৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮০. ফজর (সুবহে সাদেক) হওয়ার পর দুই রাকআত (সুন্নাত) ব্যতীত অন্য কোন নামায নেই

بَابُ لَا صَلَاةَ بَعْدَ الْفَجْرِ إِلَّا سَجْدَتَيْن

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ الْمَالِكِيُّ بِالْبَصْرَةِ ، ثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ ، ثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ بْنِ الْحُصَيْنِ التَّمِيمِيِّ عَنْ أَبِي عَلْقَمَةَ مَوْلَى ابْنِ عَمْرَ قَالَ : رَآنِي ابْنُ عُمَرَ أُصَلِّي بَعْدَ الْفَجْرِ ، فَحَصَبَنِي وَقَالَ عَبَّاسٍ عَنْ يَسَارٍ مَوْلَى ابْنِ عُمَرَ قَالَ : رَآنِي ابْنُ عُمَرَ أُصلِّي بَعْدَ الْفَجْرِ ، فَحَصَبَنِي وَقَالَ : يَا يَسَارُ ، كَمْ صَلَّيْتَ ؟ قُلْتُ : لَا أَدْرِي . قَالَ : لَا دَرَيْتَ ، إِنَّ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ _ خَرَجَ عَلَيْنَا وَنَحْنُ نُصَلِّي هَذِهِ الصَّلَاةَ فَتَغَيَّظَ عَلَيْنَا تَغَيُّظًا شَدِيدًا ثُمَّ قَالَ : لَا لِيُبَلِّغْ شَاهِدُكُمْ غَائِبَكُمْ أَنْ لَا صَلَلَةَ بَعْدَ الْفَجْرِ إِلَّا سَجْدَتَيْنِ

বাংলা

১৫১৯(১). মুহাম্মাদ ইবনে সুলায়মান আল-মালিকী (রহঃ) ... ইবনে উমার (রাঃ)-এর মুক্তদাস ইয়াসার (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইবনে উমার (রাঃ) আমাকে ফজরের (ফরয নামায পড়ার) পর নামায পড়তে দেখেন। তিনি আমার প্রতি কংকর নিক্ষেপ করেন এবং বলেন, হে ইয়াসার! তুমি কত রাকআত নামায পড়লে? আমি বললাম, জানি না। তিনি বলেন, তুমি জানো না, রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে এলেন, তখন আমরা এই নামায পড়ছিলাম। তাতে তিনি আমাদের প্রতি খুবই অসম্ভুষ্ট হলেন। অতঃপর তিনি বলেন, তোমাদের উপস্থিতরা যেন অনুপস্থিতদের কাছে পৌছে দেয়, ফজরের (সুবহে সাদেক হওয়ার) পর দুই রাকআত (সুন্নাত) ব্যতীত কোন (নফল) নামায নেই।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন